



C-ইউনিট

বিজ্ঞান স্ট্রিম (C1, C2) এবং অ-বিজ্ঞান স্ট্রিম

১ম বর্ষ বি.এস-সি.(সম্মান)/ বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.ইঞ্জি. ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯

২৬ অক্টোবর ২০১৮

ভর্তি পরীক্ষার ফলাফল সংক্রান্ত বিজ্ঞপ্তি

বি.এস-সি./ বি.ফার্ম. (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯ (C-ইউনিট)-এর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হল।

১. বিজ্ঞান স্ট্রিমে উত্তীর্ণ ভর্তিচ্ছু পরীক্ষার্থীদেরকে আগামী ০৫-১১-২০১৮ থেকে ১৫-১১-২০১৮ তারিখের মধ্যে অন-লাইনে (admission.ru.ac.bd) বিভাগ পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।
২. পছন্দক্রম ও মেধাক্রমানুসারে আগামী ২০-১১-২০১৮ তারিখে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীতদের তালিকা বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ডে ও ওয়েবসাইট (admission.ru.ac.bd)-এ প্রকাশ করা হবে।
৩. অ-বিজ্ঞান স্ট্রিমের ভর্তিচ্ছু এবং বিজ্ঞান স্ট্রিমের যে সকল পরীক্ষার্থী ভর্তি পরীক্ষার উত্তরপত্রে শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান বিভাগে ভর্তির জন্য ইচ্ছা প্রকাশ করেছে, তাদের মধ্যে উত্তীর্ণদের জন্য ব্যবহারিক পরীক্ষার সময়সূচী আগামী ০৫-১১-২০১৮ তারিখে ওয়েবসাইট (admission.ru.ac.bd)-এ প্রকাশ করা হবে।
৪. পোষ্য কোটায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ০৫-১১-২০১৮ তারিখে বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ডে ও ওয়েবসাইট (admission.ru.ac.bd)-এ প্রকাশ করা হবে। মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ভর্তি সংক্রান্ত পরবর্তী প্রক্রিয়া যথাক্রমে ছাত্র উপদেষ্টা, প্রশাসক (জনসংযোগ) ও প্রধান চিকিৎসক-এর কার্যালয় থেকে পরিচালিত হবে।

প্রকাশিত ফলাফলে পরবর্তীতে কোন ভুল-ত্রুটি গোচরীভূত হলে, তা সংশোধন করার ক্ষমতা C-ইউনিট সংরক্ষণ করে।

প্রফেসর ড. এম. খলিলুর রহমান খান

ডান, বিজ্ঞান অনুষদ

ও

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ বি.এস-সি.(সম্মান)/ বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.ইঞ্জি. ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯